অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো নিউ ইয়র্কে নিম্ন এবং মধ্যম আয়ের পরিবারসমূহের জন্য 350 মিলিয়ন মার্কিন ডলার সরাসরি আর্থিক সহায়তা ঘোষণা করলেন

1 মিলিয়নের বেশি পরিবার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের মাধ্যমে শিশুপ্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট পাবে

2022 সাল থেকে নিউ ইয়র্কবাসীর জন্য 2.6 বিলিয়ন মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট প্রদান

গভর্নর হোকল সম্প্রতি স্টেট কর্মসূচির জন্য আবেদন করা সহজতর করেছেন যা বাজার দরের চাইল্ড কেয়ার মূল্যের 90 শতাংশ প্রদান করে

জীবনযাত্রার ব্যয় সমাধান করার ব্যাপারে গভর্নরের মনযোগকে অব্যাহত রাখে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) কর্মসূচির মাধ্যমে স্টেটব্যাপী নিম্ন এবং মধ্যম আয়ের পরিবারকে আনুমানিক 350 মিলিয়ন মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট প্রদান করেন। আবেদনের কোনো প্রয়োজন ছাড়া 1 মিলিয়নের বেশি পরিবার এই আর্থিক সহায়তা লাভ করবে, যেহেতু প্রত্যেক যোগ্য পরিবার শিশুপ্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার সরাসরি পেমেন্ট পাবে। কর্মজীবী নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার ব্যয় সমাধান করতে গভর্নর হোকলের প্রয়াসকে এটি অব্যাহত করে, যার মধ্যে রয়েছে 2022 সাল থেকে করদাতাদেরকে প্রদত্ত 2.6 বিলিয়ন মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট এবং সঞ্চয়, এবং সেই সাথে রয়েছে চাইল্ড কেয়ার ব্যয়কে আওতাভুক্ত করতে আরো বেশি নিউ ইয়র্কবাসীকে আর্থিক সহায়তা পেতে সাহায্য করার জন্য একটি ডিজিটাল পোর্টাল শুরু সম্পর্কে গভর্নরের সাম্প্রতিক ঘোষণা।

"আমরা এক মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীর কাছে অর্থ ফেরত দিচ্ছি কারণ এই প্রশাসন কর্মজীবী পরিবারদের জন্য কাজ করে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের কাজ শেষ হতে অনেক বাকি। কর ক্রেডিট সম্প্রসারণ করা তেকে চাইল্ড কেয়ার সহায়তার অ্যাক্সেস বর্ধিত করা পর্যন্ত, কর্মজীবী পিতামাতার জীবনযাপনের ব্যয় সমাধান করতে এবং তাদেরকে তাদের সন্তানদের জন্য উজ্জ্বলতর ভবিষ্যৎ তৈরিতে সাহায্য করার লড়াই আমি কখনো বন্ধ করবো না।"

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট হলো আয় অনুযায়ী যোগ্য সন্তানসহ নিউ ইয়র্কবাসীর জন্য একটি রিফান্ডযোগ্য কর ক্রেডিট। চার বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করার জন্য 2023 সালে গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটকে সম্প্রসারণ করেন, যার ফলে

প্রতিবছর আনুমানিক 600,000 অতিরিক্ত শিশু লাভবান হয়। এর পূর্বে এই বছরে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের জন্য যোগ্য 1 মিলিয়নের বেশি পরিবার তাদের 2023 সালের কর ফাইলিংয়ের উপর ভিত্তি করে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট পাওয়া শুরু করে।

আজকের ঘোষণাটি এইসব যোগ্য পরিবারকে তারা ইতিমধ্যে যে 2023 কর ক্রেডিট পেয়েছে তার পাশাপাশি একটি সম্পূরক পেমেন্ট প্রদান করবে। সম্পূরক পেমেন্টের ব্যাপ্তি হলো করদাতার 2023 করবর্ষের জন্য প্রাপ্ত এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের পরিমাণের 25 শতাংশ থেকে 100 শতাংশ। এই হার আয়ের উপর নির্ভর করবে। আরো তথ্য এখানে উপলভ্য আছে।

যোগ্য করদাতাদেরকে এই এককালীন অতিরিক্ত পেমেন্ট পাওয়ার জন্য কোনো কিছু করতে হবে না। যেসব করদাতা তাদের 2023 স্টেট কর রিটার্নে কমপক্ষে 100 মার্কিন ডলার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পেয়েছে তারা মেইলে একটি চেক পাবে। কর বিভাগ আগস্ট মাসের প্রথম সপ্তাহে চেক মেইল করা শুরু করবে এবং একাধিক সপ্তাহ পর্যন্ত তা অব্যাহত থাকবে।

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্পূরক পেমেন্ট হলো এই বছরের শুরুতে গভর্নর হোকল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টির মধ্যে সম্মত হওয়া এবং স্টেটের আইনসভা কর্তৃক পাশ করা একটি চুক্তির ফলাফল।

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "এই বিধানিক অধিবেশনে নিউ ইয়র্কবাসীদের ক্রয়ক্ষমতা একটি বড় মনযোগের বিষয়। আমার নেতৃত্বে সিনেট সংখ্যাগরিষ্ঠরা যে কর্মজীবী পরিবারের জন্য চাইল্ডকেয়ারকে আরো সাশ্রয়ী করতে গর্বসহকারে লড়াই করেছে তার জন্য আমি গর্বিত, যার মধ্যে রয়েছে আয়ের যোগ্যতা সম্প্রসারিত করতে চাইল্ডকেয়ার সহায়তা কর্মসূচিকে সম্প্রসারণ করা, আরো বেশি পরিবারকে কর্মসূচির জন্য যোগ্য করা, এবং যে পরিবারের প্রয়োজন সবথেকে বেশি তাদের সমর্থন করা। এম্পায়ার স্টেট চাইল্ড কর ক্রেডিট কর্মসূচির অধীনে এই এককালীন সম্পূরক পেমেন্টটি আমাদের স্টেটজুড়ে পরিবারসমূহের জীবন বদলে দিবে, এবং এটি এমন একটি গুরুত্বপূর্ণ সময়ে হচ্ছে যখন বহু মানুষ জীবনযাপনের উচ্চ ব্যয়ের সাথে সংগ্রাম করছে। এই বছরের বাজেটে নিউ ইয়র্ক পরিবারসমূহের জন্য এটি অর্জন করার জন্য গভর্নর হোকল এবং স্পিকার হিস্টির অংশীদারিত্বের জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল এ. হিস্টি বলেন, "এই সম্পূরক ক্রেডিট আমাদের পুরো স্টেটের 1 মিলিয়ন পরিবারের কাছে সরাসরি অর্থ ফেরত দেওয়ার মাধ্যমে তাদেরকে অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে। আমাদের স্টেটকে পরিবার বড় করার আরো সাশ্রয়ী স্থান করতে অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠরা প্রতিশ্রুতিবদ্ধ, এবং তাদেরকে আর্থিক নমনীয়তা প্রদান করা তার একটি গুরুত্বপূর্ণ অংশ। নিউ ইয়র্কের পরিবারসমূহকে অগ্রাধিকার প্রদানের জন্য সিনেটে আমাদের সহকর্মীবৃন্দ এবং গভর্নরের সাথে আমরা কাজ অব্যাহত রাখবো।"

কর্মজীবী নিউ ইয়র্কবাসীকে আর্থিক ত্রাণ প্রদান করা

গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা গত দুই বছরে নিম্ন এবং মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য অভূতপূর্ব মাত্রার আর্থিক সমর্থন প্রদান করেছেন। 2022 সাল থেকে কয়েক মিলিয়ন নিউ ইয়র্ক করদাতাদেরকে সম্পূরক পেমেন্ট এবং সঞ্চয় কর্মসূচির মাধ্যমে 2.6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে।

এর মধ্যে রয়েছে 2022 এর বাড়ির মালিকের কর রিবেট ক্রেডিট (homeowner tax rebate credit), 2022 এর সম্পূরক উপার্জিত আয় কর ক্রেডিট (Earned Income Tax Credit) এবং এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট পেমেন্ট, 2022 এর গ্যাস কর স্থগিতকরণ, 2023 এর এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্প্রসারণ এবং আজকে ঘোষিত এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্পূরক পেমেন্টের সর্বশেষ রাউন্ড।

আরো বেশি কর্মজীবী পরিবারকে চাইল্ড কেয়ারের মূল্য পরিশোধে সাহায্য করা

গভর্নর হোকল সম্প্রতি ny.gov/childcare শুরু করেছেন, এটি বিনামূল্যে বা স্বল্প খরচের চাইল্ড কেয়ারকে নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচির (Child Care Assistance Program, CCAP) মাধ্যমে স্টেটব্যাপী যোগ্য পরিবারের জন্য আরো অ্যাক্সেসিবল করতে সাহায্য করার জন্য একটি ডিজিটাল পোর্টাল। নতুন উদ্যোগটি হলো অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে গভর্নর হোকলের নিশ্চিত করা ঐতিহাসিক 1.8 বিলিয়ন স্টেট ও ফেডারেল বিনিয়োগের অনুবর্তী। অধিকাংশ যোগ্য পরিবারের জন্য CCAP বাজার দরের চাইল্ড কেয়ার ব্যয়ের 90 শতাংশের বেশি প্রদান করে, এবং চার সদস্যের অধিকাংশ পরিবার সপ্তাহে চাইল্ড কেয়ারের জন্য 15 মার্কিন ডলারের বেশি ব্যয় করছে না।

গভর্নর এর পূর্বে চাইল্ড কেয়ার ব্যবস্থাকে ঢেলে সাজাতে এবং ঐতিহাসিক, অনন্য বিনিয়োগ করতে আইনসভার সাথে কাজ করেছেন, যার মধ্যে রয়েছে চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচি উন্নত করতে একটি চার বছরের 7 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি; নিউ ইয়র্কের অর্ধেকের বেশি কমবয়সী শিশুর জন্য চাইল্ড কেয়ার সহায়তার জন্য আয়ের যোগ্যতা সম্প্রসারিত করা; পরিবারসমূহ বাছাই করতে পারবে এমন কর্মসূচির সংখ্যা সম্প্রসারিত করতে সেবাদানকারীদের জন্য স্টেটের ব্যয়পূরণের হার বৃদ্ধি; একটা চাইল্ড কেয়ার ক্যাপিটাল কর্মসূচি প্রতিষ্ঠা করতে 50 মিলিয়ন মার্কিন ডলার; বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে থাকা কর্মসূচিকে স্থিতিশীল করতে এবং চাইল্ড কেয়ার কর্মীবাহিনীকে সমর্থন করতে 343 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ; এবং সকল নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) ক্যাম্পাসে চাইল্ড কেয়ার সম্প্রসারিত করতে 15.6 মিলিয়ন মার্কিন ডলার।

ভারপ্রাপ্ত কর কমিশনার আমান্ডা হিলার বলেন, "চাইল্ড ক্রেডিট কর্মসূচির অধীনে সম্পূরক পেমেন্ট হলো নিম্ন আয়ের পরিবারসমূহকে অতি প্রয়োজনীয় আর্থিক ত্রাণ প্রদানের একটি প্রমাণিত উপায়। আমরা আগামী সপ্তাহে পেমেন্ট শুরু করবো এবং মাস শেষ হওয়ার পূর্বে তা প্রদান শেষ করবো, যা স্কুলে ফেরত যাওয়ার ব্যয় এবং অন্যান্য প্রয়োজনের জন্য যথাযথ সময়।"

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) কমিশনার বারবারা সি গুইন বলেন, "গভর্নর হোকল দারিদ্র্যের সমাধানে, পরিবারসমূহের ক্ষমতায়নে এবং স্টেটের বাসিন্দাদের জন্য আর্থিক নিরাপত্তা বলীয়ান করতে একটি প্রতিশ্রুতি গ্রহণ করেছেন। এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সেই প্রয়াসের একটি মুখ্য অংশ। এই ক্রেডিট তাদেরকে অর্থ প্রদান করে যাদের প্রয়োজন সবথেকে বেশি এবং জীবনযাপনের উচ্চ মূল্যের সাথে সংগ্রাম করছে এমন সন্তানসহ পরিবারসমূহকে একটি অতি প্রয়োজনীয় আর্থিক পরিত্রাণ প্রদান করছে।"

শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services, OCFS) কমিশনার ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন বলেন, "নিউ ইয়র্কের পরিবারসমূহকে বলীয়ান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতি স্পষ্ট। বর্তমানে আনুমানিক 100,000 নিম্ন আয়ের পরিবারকে চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচির মাধ্যমে মানসম্পন্ন চাইল্ড কেয়ারের অ্যাক্সেস প্রদান বা এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের

মাধ্যমে এক মিলিয়নের বেশি পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা, এইসব বিনিয়োগ নিউ ইয়র্কবাসীর আর্থিক স্থিতিশীলতার একটি উৎস। প্রত্যেক শিশু ও পরিবারের প্রাপ্য সমতা ও স্বাধীনতার একটি পথ তৈরির জন্য OCFS গভর্নর এবং আইনসভার প্রশংসা করছে।"

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "জীবনযাপনের ব্যয় বৃদ্ধি পেয়ে চলেছে তাই নিম্ন এবং মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীকে সমর্থন করার আমাদের প্রয়াসের উপর মনযোগ প্রদান করা স্টেট সরকারে আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। আমাদের স্টেটজুড়ে এক মিলিয়নের বেশি পরিবারকে চাইল্ড কেয়ারের জন্য সম্পূরক পেমেন্ট প্রদান করার মাধ্যমে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট ঠিক তাই করে। এই 350 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি পরিবারসমূহকে শিশুপ্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার দিবে যা পরিবার বড় করার সংশ্লিষ্ট আর্থিক চাপকে সহজ করতে সাহায্য করবে। এবং এইসব বেনিফিটের সেরা অংশ হলো এটি আবেদন ছাড়াই পাওয়া যাবে। নিউ ইয়র্কের পরিবারসমূহকে সমর্থন করার ক্ষেত্রে যেখানে প্রয়োজন সেখানে আমাদের অর্থ প্রদান করার জন্য এবং 2022 সাল থেকে নিউ ইয়র্কবাসীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্পূরক পেমেন্ট প্রদান করার জন্য গভর্নর হোকল, নেতা স্টুয়ার্ট-কাজিন্স, এবং আইনসভার উভয় হাউজে আমার সহকর্মীদের আমি প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর রোক্সান পারসাউড বলেন, "350 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট কর্মসূচি 1 মিলিয়নের বেশি যোগ্য নিউ ইয়র্ক পরিবারকে আমেরিকায় জীবনযাপন ও পরিবার বড় করার ক্রমবর্ধমান ব্যয়ের ব্যাপারে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেটজুড়ে নিম্ন এবং মধ্যম আয়ের পরিবারসমূহকে সমর্থন করা অব্যাহত রাখার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডেস বলেন, "এটি কোনো গোপন ব্যাপার নয়: নিউ ইয়র্কের কর্মজীবী পরিবারসমূহ জীবিকা নিয়ে সংগ্রাম করছে। যখন পরিবার কর ক্রেডিট পায় তখন তারা খাদ্য কিনতে, ভাড়া পরিশোধ করতে এবং ডায়াপার ও স্কুলের সামগ্রীর মতো অত্যাবশ্যকীয় জিনিস কিনতে কিছুটা বেশি অর্থ খরচ করতে পারে। আমরা যদি নিউ ইয়র্ককে এমন একটি স্থান বানাতে চাই যেখানে পরিবারসমূহের কাছে একটি সুযোগ থাকবে, তাহলে সেটি সম্ভব করার সংস্থান আমাদেরকে প্রদান করতে হবে। সম্প্রসারিত এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করবে এমন একটি কর ব্যবস্থা তৈরির জন্য একটি গুরুত্বপূর্ণ ধাপ, এবং যেসব পরিবারের প্রয়োজন সবথেকে বেশি তাদের সমর্থন করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য হেলেন ওয়াইনস্টিন বলেন, "2024-25 বাজেটে এই অতি গুরুত্বপূর্ণ কর ক্রেডিটের একজন বলীয়ান প্রবক্তা হিসেবে আমি গর্বিত যে আমরা পরিশ্রমী নিউ ইয়র্কবাসীকে অর্থ ফেরত দেওয়ার মাধ্যমে তাদের সাহায্য করা অব্যাহত রেখেছি, তাদেরকে নিজেদের পরিবারের জন্য সেরা উপায়ে টি এ ব্যবহার করতে দিচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য অ্যান্ড্রু হিভাসি বলেন, "নিউ ইয়র্কের কর্মজীবী পরিবারের জন্য এই ঐতিহাসিক বিনিয়োগ সম্ভব হয়েছে আমাদের অ্যাডভোকেট অংশীদারদের অবিচল প্রয়াসের জন্য যারা প্রত্যেক ধাপে আমাদের পাশে দাঁড়িয়েছেন। সিনেটে এই উদ্যোগের নেতৃত্ব দানের জন্য আমার সহকর্মী সিনেটর অ্যান্ড্রু গাউনার্ডেসকে, এবং এটিকে বাস্তব করার জন্য স্পিকার হিস্টি, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, গভর্নর হোকল, এবং আমার সকল সহকর্মীর প্রতি আমার ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য কিম্বার্লি জন পিয়ের বলেন, "এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট কর্মসূচির মাধ্যম নিউ ইয়র্কের পরিবারসমূহকে সমর্থন করার ব্যাপারে গভর্নর হোকলের অবিচল প্রতিশ্রুতির জন্য আমি তার প্রশংসা করছি। এই পেমেন্টগুলি খাদ্য, পোশাক, চাইল্ড কেয়ার এবং আবাসনের উচ্চতর মূল্যসহ দৈনন্দিন জীবনের মুদ্রাস্ফীতিজনিত ব্যয় বৃদ্ধিতে হিমশিম খেতে থাকা পরিবারের আর্থিক চাপ সহজ

করতে সাহায্য করে। এই কর্মসূচিকে সম্প্রসারণ করে এবং অ্যাক্সেস সরলীকৃত করে গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা কর্মজীবী পরিবারের জীবনে প্রভাব তৈরি করছেন, নিশ্চিত করছেন যাতে আমাদের সন্তানেরা সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সমর্থন পেতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য ক্লাইড ভ্যানেল বলেন, "নিউ ইয়র্ক স্টেটকে নিম্ন ও মধ্যম আয়ের পরিবারের জন্য সাশ্রয়ী করা নিশ্চিত করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিকে এটি প্রদর্শন করে, নিউ ইয়র্ক যাতে কর্মজীবী পরিবারের বসবাস, কাজ ও বিকাশ করার মতো একটি স্থান হিসেবে নিশ্চিত করতে আমরা কঠোর পরিশ্রম করবো।"

অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন, "আমাদের শিশু ও পরিবারের প্রতি গভর্নর হোকল ও আইনসভায় আমার সহকর্মীদের চলমান প্রতিশ্রুতির জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাতে চাই। 17 বছরের কম বয়সী শিশুসহ নিম্ন ও মধ্যম আয়ের পরিবারসমূহ নিউ ইয়র্ক স্টেট থেকে একটি রিফান্ডযোগ্য চাইল্ড কর ক্রেডিট রূপে সরাসরি আর্থিক সহায়তা লাভ করবে যা জীবনযাপন এবং একটি শিশুর দেখাশোনা করার জন্য ইতিমধ্যেই অনেক উচ্চ মূল্য সহজ করবে। পিতামাতা এবং নির্বাচিত কর্মকর্তা হিসেবে আমাদের সম্প্রদায়ের উন্নতির জন্য সমর্থন ও সংস্থান প্রদান করা অব্যাহত রাখা আমাদের দায়িত্ব।"

অ্যাসেম্বলি সদস্য জেন লান্সফোর্ড বলেন, "নিউ ইয়র্কের পরিবারসমূহকে অর্থ ফেরত দেওয়ার উপায় সন্ধান করা আমার শীর্ষ অগ্রাধিকার। মহামারীর সময় আমরা দেখেছি যে কীভাবে শিশুসহ গৃহস্থালিতে সরাসরি নগদ পেমেন্ট করা হলে তা পরিবারকে দারিদ্র্যের বাইরে নিয়ে আসতে পারে। সেজন্য চাইল্ড কর ক্রেডিট বৃদ্ধি এবং সেই সাথে চাইল্ড কেয়ারকে আরো ক্রয়ক্ষম করতে অতিরিক্ত সমর্থন প্রদান করতে, মধ্যবিত্তের করে সীমা ত্বরান্বিত করতে এবং বাড়ির মালিকদের জন্য সরাসরি সম্পত্তি কর রিবেট প্রদান করা নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমি এতো জোর লড়াই করেছি। এইসব তহবিল প্রদান উদযাপন করতে গভর্নরের সাথে যোগদান করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য সারাহ ক্লার্ক বলেন, "আমরা সময়ে সময়ে দেখেছি যে বিধিনিষেধহীনভাবে নগদ পেমেন্ট হলো পরিবারকে সহায়তা করার সেরা উপায়। পোশাক, খাদ্য, এবং স্কুলে ফেরত যাওয়ার সামগ্রী ক্রয়ের সময় 1 মিলিয়নের বেশি পরিবারকে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট কর্মসূচির মাধ্যমে সম্পূরক পেমেন্ট নিউ ইয়র্কজুড়ে শিশুদের জন্য সমতার ক্ষেত্র তৈরি করবে। বিধিমালাটি যা অর্জন করেছে তার জন্য আমি গর্বিত এবং বর্তমানে ও ভবিষ্যতে আমাদের পিতামাতা, কেয়ারগিভার এবং পরিবারকে সমর্থন করার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য জেসিকা গঞ্জালেস-রোহাস বলেন, "এই বছর আমরা যেই কাজ করতে পেরেছি তা নিয়ে আমি অত্যন্ত গর্বিত। নিউ ইয়র্কবাসীরা যাতে নিজেদের পরিবারের দেখাশোনা আরো ভালোভাবে করার জন্য প্রয়োজনীয় সমর্থন ও ত্রাণ পেতে পারে তা নিশ্চিত করতে আমরা জোর লড়াই করেছি। জীবনযাপনের ব্যয় বৃদ্ধি পেয়ে চলেছে, তাই অসমতা হ্রাস করার জন্য আমাদেরকে সকল প্রয়াস গ্রহণ করতে হবে। এই পেমেন্টগুলি নিম্ন ও মধ্যম আয়ের পরিবারকে অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে, এবং ক্ষুধার মহামারী সমাধান করতে সাহায্য করবে। প্রতি দশ জন নিউ ইয়র্কবাসী, এবং প্রায় প্রতি ছয় জেনে একজন শিশু ক্ষুধার সাথে সংগ্রাম করছে এবং আমাদের মতো স্টেটে যেখানে সংস্থানের প্রাচুর্য রয়েছে সেখানে এমনটি হওয়া উচিত নয়। যদি এটি একটি বড় বিজয়, তবে আরো অনেক কাজ বাকি রয়েছে। এই বিধিমালা পাশ করানোর জন্য আমার সহকর্মীদের আমি অভিনন্দন জানাচ্ছি এবং আসন্ন আইনসভার অধিবেশনে ঈশ্বর প্রয়াসকে আরো অগ্রসর করতে উন্মুখ।"

নর্দার্ন রিভার্স ফ্যামিলি অফ সার্ভিসেসের (Northern Rivers Family of Services) প্রধান নির্বাহী কর্মকর্তা উইলিয়াম গেটম্যান বলেন, "আমাদের পরিবার ও শিশুদের জন্য গভর্নর হোকলের অব্যাহত বিনিয়োগের জন্য আমরা তার প্রশংসা করছি। এম্পায়ার স্টেট চাইল্ড কর ক্রেডিট দ্বারা প্রদত্ত প্রত্যেক মার্কিন ডলার ইতিবাচক আশা তৈরি করে, ভবিষ্যতের শিক্ষার সুবিধা এবং স্বাস্থ্যের সামাজিক নির্ণায়কের উন্নতি করে। এই প্রমাণিত বিনিয়োগ দারিদ্র্য বিমোচনে সাহায্য করে এবং দীপ্ত ও হাস্যোজ্জ্বল একটি আগামী তৈরি করে।"

গ্রেটার ক্যাপিটাল রিজিয়ন ইউনাইটেড ওয়ের (United Way of the Greater Capital Region) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা পিটার গ্যানোন বলেন, "গভর্নর হোকল যখন 2021 সালের ডিসেম্বর মাসে শিশু দারিদ্র্য হ্রাস আইন স্বাক্ষর করেন, তখন তিনি আগামী 11 বছরে নিউ ইয়র্কের শিশু দারিদ্র্য নাটকীয়ভাবে হ্রাস করার পথ নির্ধারণ করে দেন।। এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের মাধ্যমে 1 মিলিয়নের বেশি নিউ ইয়র্ক পরিবারকে 350 মিলিয়ন মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট প্রদান করতে গভর্নরের আজকের ঘোষণা শিশুসহ ALICE গৃহস্থালির জন্য একটি দুর্দান্ত সংস্থান। আমরা জানি যে এ ধরনের আর্থিক সমর্থন কাজ করে! মহামারীর সময় শিশু দারিদ্র্য অর্ধেক হ্রাস পায়, কিন্তু কোভিড সম্পর্কিত আর্থিক সমর্থন শেষ হওয়ার পর এই সম্পূরক পেমেন্টটি অতি গুরুত্বপূর্ণ সময়ে করা হচ্ছে যা দৈনন্দিন চাহিদা পূরণ করতে সংগ্রাম করা পরিবারসমূহের জন্য অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে। এই উদ্যোগটি শুধু তাৎক্ষণিক আর্থিক চাহিদা পূরণ করবে না বরং এছাড়াও পরিবারের মর্যাদা অক্ষুণ্ণ রাখবে, তাদেরকে আত্মবিশ্বাস ও স্থিতিশীলতার সাথে নিজ সন্তানদের জন্য চাহিদা পূরণ করতে দিবে। প্রত্যেক পরিবারের কাছে যাতে সমৃদ্ধির সুযোগ থাকে তা নিশ্চিত করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতিকে এই পদক্ষেপটি তুলে ধরে।"

স্ক্যাইলার অ্যানালাইসিস অ্যান্ড অ্যাডভোকেসি সেন্টারের (Schuyler Center for Analysis and Advocacy) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কেট ব্রেসলিন বলেন, "সংগ্রাম করতে থাকা পরিবারের কাছে অর্থ পৌঁছে দেওয়া হলো চাপ হ্রাস করার এবং পরিবারসমূহকে সমৃদ্ধির জন্য যা প্রয়োজন তা প্রদান করার একটি শক্তিশালী ও তাৎক্ষণিক উপায়। বহু নিউ ইয়র্ক পরিবার যেই ক্রয়ক্ষমতার সঙ্কটে রয়েছে তা প্রশমন করার জন্য এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের মূল্য ও ক্ষমতা অনুধাবন করার জন্য স্ক্যাইলার সেন্টার গভর্নর এবং আইনসভার প্রশংসা করছে। গত এক বছরে ধরে আমরা ক্যাপিটাল রিজিয়ন থেকেই শুরু করে নর্দার্ন সেইন্ট লরেন্স কাউন্টি পর্যন্ত বিভিন্ন সম্প্রদায়ে সময় কাটিয়েছি, দারিদ্র্যের সম্মুখীন হওয়া পরিবারের কথা শুনেছি। কর ক্রেডিটের মতো সরাসরি নগদ বেনিফিট প্রদান করার মূল্য সম্পর্কে আমরা বারবার শুনেছি। এই ধরনের পেমেন্ট পিতামাতাকে তাদের পরিবারের চাহিদার জন্য সেরা উপায়ে সংস্থান ব্যবহার করার ক্ষমতা প্রদান করে, তা হতে পারে অ্যালার্জি নিরাপদ খাদ্য, সকারের জন্য শিন গার্ড, স্কুলের পোশাক, বা ভাড়া।"

এডুকেশন ট্রাস্ট-NY (The Education Trust–NY) এর পার্টনারশিপ এবং আর্লি চাইল্ডহুড পলিসির পরিচালক জেন ও' কনর বলেন, "এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট হলো আগামী সাত বছরে শৈশবের দারিদ্র্য 50 শতাংশ হ্রাস করার জন্য নিউ ইয়র্কের লক্ষ্য অর্জনে একটি প্রতিশ্রুতিশীল অগ্রগামী ধাপ। ইতিহাসের দেখা গেছে যে কর ক্রেডিট কার্যকর, মহামারীর সময় ফেডারেল ক্রেডিট অস্থায়ীভাবে 3 মিলিয়ন শিশুকে দারিদ্র্যের বাইরে নিয়ে আসে। নিউ ইয়র্ক স্টেটে কৃষ্ণাঙ্গ, হিস্পানিক/ল্যাটিনো, এবং একাধিক বর্ণের পরিবার যে শ্বেতাঙ্গ শিশুদের তুলনায় অনেক বেশি হারে দারিদ্র্যের সম্মুখীন হয় তা সমাধানে এটি অত্যাবশ্যকীয়। গভর্নর হোকলের প্রয়াসের আমরা প্রশংসা করছি এবং দারিদ্র্য হ্রাস কৌশল উন্নত করতে, আরো কর ক্রেডিট যুক্ত করতে, চাইল্ড কেয়ার সম্প্রসারিত করতে, এবং কমবয়সীদের সাক্ষরতা কর্মসূচির জন্য 2025 সালে তার ও স্টেটের আইনসভার সাথে সহযোগিতা করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের (New York Immigration Coalition) অর্থনৈতিক ন্যায়বিচার ও পরিবারের ক্ষমতায়নের পরিচালক লিজা শোয়ার্টজওয়াল্ড বলেন, "বহু নিউ ইয়র্কবাসী দৈনন্দিন চাহিদা পূরণ করতে হিমশিম খাচ্ছে, কারণ আবাসন থেকে শুরু করে মুদি পণ্য পর্যন্ত সকল কিছুর ক্রয়সাধ্যতা কঠিন হয়ে পড়েছে। এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট এক মিলিয়নের বেশি পরিবারকে কিছু ত্রাণ প্রদান করবে এবং একই সাথে আমাদের স্থানীয় অর্থনীতিতে অর্থ বিনিয়োগ করবে। তাদের যেখানে প্রয়োজন সবথেকে বেশি সেখানে ব্যয় করার জন্য পরিবারসমূহকে অর্থ ফেরত দেওয়ার জন্য আমরা গভর্নর ও আইনসভার প্রশংসা করছি এবং আরো সম্প্রসারণ দেখার জন্য উন্মুখ। আরো সাশ্রয়ী নিউ ইয়র্ক গঠন করার এটিই সময় যেখানে প্রত্যেক বাসিন্দার কাছে আয় ও অভিবাসন দশা নির্বিশেষে সমৃদ্ধি করার একটি ন্যায্য সুযোগ থাকবে।"

দ্য চিলড্রেন্স এজেন্ডার (The Children’s Agenda) প্রধান নির্বাহী কর্মকর্তা ল্যারি মার্ক্স বলেন, "এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের সাথে এই সংযোজনের মাধ্যমে গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা নিউ ইয়র্কের চাপে থাকা পরিবারসমূহের জন্য তাদের সন্তানকে বড় করার ক্ষেত্রে জীবন একটু সহজতর করেছেন। 2023 সালের ডিসেম্বর মাসে মনরো কাউন্টির 600 পিতামাতার থেকে ভোট গ্রহণ করে উদ্বেগজনক মাত্রার অর্থনৈতিক চাপ সম্পর্কে জানা যায়, যদিও সেখানকার বেকারের হার কম, স্টক মার্কেট ঊর্ধ্বমুখী এবং বলীয়ান অর্থনৈতিক উৎপাদনশীলতা রয়েছে। এইসব অর্থনৈতিক কাঠিন্য সহজ করার একটি বিশেষভাবে কার্যকর উপায় হিসেবে স্টেটের চাইল্ড কর ক্রেডিটকে ব্যবহার করার জন্য আমরা গভর্নর এবং স্টেটের বিধানিক নেতৃবৃন্দের প্রশংসা করছি, এবং আশা করছি যে দীর্ঘস্থায়ী প্রভাবের জন্য নিউ ওয়ার্ক এর পারিবারিক কর ক্রেডিট অগ্রসর ও উন্নত করা অব্যাহত রাখবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন